

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মনোহরদী, নরসিংদী।
www.dwa.monohardi.narsingdi.gov.bd

স্মারক নম্বর: ৩২.০১.৬৮৫২.০০০.১১.০০১.১৯-৪৫

তারিখ: ১১/০১/২০২৪ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় নরসিংদী জেলাধীন মনোহরদী উপজেলায় স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদসমূহের বিদ্যমান শূন্যপদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	শূন্য পদসংখ্যা	যোগ্যতা
১	সজ্জীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে ১ দিন)	২ (এক) টি	এসএসসি পাশ এবং সজ্জীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সজ্জীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে ১ দিন)	১ (এক) টি	এসএসসি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে আগামী ৩১/০১/২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- ২। প্রার্থীকে মনোহরদী উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। সরকার নির্ধারিত কোটায় প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ৪। আগামী ৩১/০১/২০২৪ তারিখ সংশ্লিষ্ট পদে প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে।
- ৭। চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র/ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার অধিকার / ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(হাছিবা খান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

জনবল নিয়োগ কমিটি
“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প
মনোহরদী, নরসিংদী।

স্মারক নম্বর: ৩২.০১.৬৮৫২.০০০.১১.০০১.১৯-৪৫

তারিখ: ১১/০১/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রকল্প পরিচালক, “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরদী, নরসিংদী।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
- ৪।
- ৫। অফিস কপি।



১১/১/২৪
(রেহানা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

জনবল নিয়োগ কমিটি

“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প

মনোহরদী, নরসিংদী।

ফোনঃ ০২-৯৪৪৫২০৬।

ই-মেইলঃ uwaomonohardi@gmail.com